

অনিষ্পন্ন চোরাচালান মামলা দ্রুত নিষ্পত্তিকরণ মনিটরিং কমিটির জুলাই, ২০১৯ মাসের ২য় পাক্ষিক সভার কার্যবিবরণী:

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের অফিস কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৫/০৮/২০১৯ খ্রি.

সময়: সকাল ০৯.৪০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য:

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় অনিষ্পন্ন চোরাচালান মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। আলোচনা পর্যায়ে এ সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অধিক গুরুত্ব দিয়ে বিচারাধীন মামলা পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানানো হয়। তদন্তাধীন মামলার তদন্ত দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। মামলা নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করতে সাক্ষী উপস্থিতি অপরিহার্য। বিধায় ধার্য তারিখে রাষ্ট্রপক্ষের সাক্ষী উপস্থিতি নিশ্চিত করতে সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাগণকে সক্রিয় ভূমিকা পালনসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। পাশাপাশি চোরাচালান প্রবণতা হ্রাস করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি বৃদ্ধি, অভিযান পরিচালনা, সীমান্তে অবৈধ অনুপ্রবেশ রোধসহ জনসচেতনতা বৃদ্ধি এবং সীমান্ত এলাকায় সাধারণ জনগণের চলাচল নিয়ন্ত্রণে রাখার জন্য অনুরোধ জানানো হয়। সেসাথে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্টদের সমন্বয়ে সচেতনতামূলক সভা অনুষ্ঠান অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। অতঃপর অনিষ্পন্ন মামলাসমূহের নিম্নরূপ তথ্য উপস্থাপন ও পর্যালোচনা করা হয়:

১। অনিষ্পন্ন চোরাচালান মামলা:

ক) তদন্তাধীন চোরাচালান মামলা: (জুলাই, ২০১৯ মাসের ১ম পক্ষের তথ্য)

ক্রঃ নং	খানার নাম	গত পক্ষ হতে আগত মামলা	চলতি পক্ষে দায়েরকৃত মামলা	মোট	চলতি পক্ষে নিষ্পত্তি	অনিষ্পন্ন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	জয়পুরহাট	১০ টি	০৪ টি	১৪ টি	০৭ টি	০৭ টি	
২।	পাঁচবিবি	১০৩ টি	১২ টি	১১৫ টি	-	১১৫ টি	
৩।	ক্ষেতলাল	৩০ টি	০১ টি	৩১ টি	-	৩১ টি	
৪।	কালাই	০২ টি	-	০২ টি	-	০২ টি	
৫।	আক্কেলপুর	২৭ টি	০১ টি	২৮ টি	০১ টি	২৭ টি	
	মোট	১৭২ টি	১৮ টি	১৯০ টি	০৮ টি	১৮২ টি	

খ) বিচারাধীন চোরাচালান মামলা: (জুলাই, ২০১৯ মাসের ১ম পক্ষের তথ্য)

ক্রঃ নং	গত পক্ষ হতে আগত মামলার সংখ্যা	চলতি পক্ষে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট	চলতি পক্ষে নিষ্পত্তি			অনিষ্পন্ন	মন্তব্য
				সাজা	খালাস	মোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১	৭৮১৮ টি	১১	৭৮২৯ টি	১	১	২	৭৮২৭ টি	-


গ) চোরাচালান মামলার সাক্ষী উপস্থিতি: (জুলাই, ২০১৯ মাসের ১ম পক্ষের তথ্য)

চলতি পাক্ষিকে সাক্ষীর জন্য ধার্যকৃত মামলার সংখ্যা	প্রসেসকৃত মোট সাক্ষীর সংখ্যা	সাক্ষী উপস্থিতির সংখ্যা	গৃহীত সাক্ষীর সংখ্যা	ফেরত সাক্ষীর সংখ্যা	সাক্ষী অনুপস্থিতির সংখ্যা	সাক্ষী ফেরতের কারণ
১	২	৩	৪	৫	৬	৭
৩০০	৩০০	১০০	১০০	-	২০০	-

২। উল্লিখিত তথ্যাদির ভিত্তিতে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১)	তদন্তাধীন চোরাচালান মামলা সংক্রান্ত	তদন্তাধীন মামলার তদন্ত সম্পন্ন করে দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) বিজ্ঞ পিপি, জয়পুরহাট
২)	বিচারাধীন চোরাচালান মামলা সংক্রান্ত	বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে রাষ্ট্রপক্ষকে যথাযথ আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।	
৩)	মামলার সাক্ষ্য গ্রহণ সংক্রান্ত	রাষ্ট্রপক্ষকে প্রয়োজনীয় সাক্ষী উপস্থিতি এবং বিজ্ঞ আদালতে সাক্ষী উপস্থাপন নিশ্চিত করতে হবে।	

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০০৫.১৯-১০৬৬

তারিখ: ১৯/০৮/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৪। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা
- ৫। কমিশনার, শুল্ক, আবগারী ও মুসক কমিশনারের কার্যালয়, রাজশাহী
- অনুলিপি জ্ঞাতার্থে / কার্যার্থে:
- ৬। পুলিশ সুপার, জয়পুরহাট
- ৭। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট
- ৮। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ এ্যান্ড ভ্যাট সার্কেল, জয়পুরহাট
- ৯। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জয়পুরহাট
- ১০। বিজ্ঞ পিপি, জয়পুরহাট


(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৫২
ফ্যাক্স: (+৮৮)০৫৭১-৬২৫৪৬
admjoypurhat@gmail.com

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট "ক"(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পুলিশ সুপার, জয়পুরহাট
- ২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জয়পুরহাট সার্কেল
- ৩। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট সার্কেল, জয়পুরহাট
- ৪। বিজ্ঞ পিপি, জয়পুরহাট
- সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"খ"
- ১। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট